

যায়যায়দিন

তারিখ - 22 FEB 2007 ...

পৃষ্ঠা ৭ কলাম ৬.....

সিগন

২৫



স্কাউট আন্দোলনের শতবর্ষ উদযাপিত হচ্ছে আজ

যাযাদি রিপোর্ট

আজ বৃহস্পতিবার বিশ্ব স্কাউট দিবস। একই সঙ্গে স্কাউট আন্দোলনের শতবর্ষও উদযাপন করা হবে আজ। ১৫৪ দেশের ২ কোটি ৮০ লাখ স্কাউট আজ বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে দিনটি উদযাপন করবে। বাংলাদেশের ১০ লাখ স্কাউটও এসব আয়োজন ও সেবামূলক কর্মসূচি পালন করবে সারা বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে।

স্কাউট আন্দোলনের জনক লর্ড ব্যাডেন পাওয়েলের জন্ম ১৮৫৭ সালের ২২ ফেব্রুয়ারি লন্ডনে। ১৯০৭ সালে ইংল্যান্ডের ব্রাউন সি গ্রীপে মাত্র ২০ বালক নিয়ে তিনি যে

পৃষ্ঠা ১১ কলাম ৩

স্কাউট আন্দোলনের শতবর্ষ

(প্রথম পৃষ্ঠার পর)

পরীক্ষামূলক ক্যাম্প শুরু করেন তা সময়ের হাত ধরে ছড়িয়ে পড়ে নানা দেশে। বিশ্বের বৃহত্তম যুব আন্দোলন হিসেবে প্রতিষ্ঠা পায় স্কাউট আন্দোলন। ব্যাডেন পাওয়েলের জন্মদিনকে স্কাউট দিবস হিসেবে পালন করা শুরু হয় এক সময়।

বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালের ৯ এপ্রিল গঠিত হয় বাংলাদেশ বয় স্কাউট সমিতি। একই বছরের ৯ এপ্রিল বাংলাদেশ স্কাউটসকে সরকারি স্বীকৃতি দেয়া হয়। ১৯৭৪ সালের ১ জুন বিশ্ব স্কাউট সংস্থা বাংলাদেশ স্কাউটসকে ১০৫তম স্কাউট সংস্থা হিসেবে স্বীকৃতি দেয়। আজ বৃহস্পতিবার স্কাউট দিবস পালন উপলক্ষে ব্যাপক কর্মসূচি নিয়েছে বাংলাদেশ স্কাউটস। আর ২০০৬ সালের জুলাই থেকেই স্কাউট আন্দোলনের জন্মশতবার্ষিকীর অনুষ্ঠান শুরু করেছে তারা।

এ কর্মসূচির আওতায় আয়োজনমূলক বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয় সারা দেশে। সমাজ সচেতনতা সৃষ্টির জন্য

করা হয় বন্যপ্রাণী ও পাখি সংরক্ষণ র্যালি। মঙ্গলপাড়া এলাকায় বীজ ও বিতরণ করে স্কাউটরা। দেশের গণি ছাড়িয়ে তারা ঘুরে আসে এডারেস্টের ব্যাডেন পাওয়েল পিক। ২০০৬ সালের সেপ্টেম্বরে কেবল স্কাউটদের জন্য এডারেস্টের ওই পিকটি উন্মুক্ত করা হয়।

আগামী ডিসেম্বর পর্যন্ত স্কাউট আন্দোলনের শতবর্ষ পূর্তি উপলক্ষে পালিত হবে আরো অনেক বৈচিত্র্যময় কর্মসূচি। শতবর্ষ স্কাউট মিউজিয়াম উদ্বোধন হবে আগামী আগস্ট মাসে। অষ্টোবরে প্রকাশ পাবে শতবর্ষ স্মারক ডাক টিকেট ও খাম। ব্যাডেন পাওয়েল পিক দিয়ে এডারেস্টের চূড়ায় ওঠার জন্য বাংলাদেশি স্কাউটদের ট্রেনিংও শুরু হবে এখন।

আজ স্কাউট দিবসে স্কাউট সদর দফতর থেকে শুরু করে তৃণমূল পর্যায়ের ইউনিট পর্যন্ত পালন করবে ব্যাপক কর্মসূচি। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে বেলা ১১টায় স্কাউট ভবনে অনুষ্ঠিত হবে আলোচনা। এতে প্রধান অতিথি থাকবেন

কেয়ারটেকার সরকারের আইন উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেন।

এর আগে বেলা ১১টায় কাব, স্কাউট ও রোডারদের অংশগ্রহণে একটি বর্ণাঢ্য র্যালি স্কাউট ভবন থেকে ঘুরে আসবে জাতীয় প্রেস ক্লাব। এ প্রথমবারের মতো ওই র্যালিতে অংশ নেবে পথশিঙার পাচটি ইউনিট। এরপর হবে স্কেচায় রক্তদান কর্মসূচি এবং মাতৃভাষা বিষয়ক চিত্রাঙ্কন প্রতিযোগিতা।

গতকাল বুধবার সকালে জাতীয় স্কাউট ভবনের শামস হলে স্কাউট দিবস ও স্কাউট আন্দোলনের শতবর্ষ উদযাপন এবং এ আন্দোলনের নানা দিক নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

আলোচনায় অংশ নেন বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার মুহাম্মদ ফজলুর রহমান এবং জাতীয় কমিশনার মোঃ কামাল উদ্দিন ও মির্জা আলী হায়দার। সাবেক জাতীয় কমিশনার প্রফেসর মাহবুবুল আলমও ছিলেন সে আলোচনায়।